# জলবায়ু ও পরিবেশ কীভাবে আপনার স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে

## উচ্চ রক্তচাপ (হাইপারটেনশন) রয়েছে এমন লোকেদের জন্য তথ্যাবলী

অত্যধিক তাপমাত্রা ও বায়ু দূষণের মতো পরিবেশগত বিপত্তিগুলি জলবায়ু পরিবর্তনের কারণে আরও খারাপ হয়ে উঠছে। এমন সব পদক্ষেপ রয়েছে যেগুলি হাইপারটেনশনে আক্রান্ত লোকেদের নিজেদের সুরক্ষিত রাখার জন্য গ্রহণ করা উচিৎ।

## হাইপারটেনশন রয়েছে এমন লোকেদের জলবায়ু ও পরিবেশ কীভাবে প্রভাবিত করে?

| অত্যধিক তাপমাত্রা | ঠাণ্ডা আবহাওয়া | বায়ু দূষণ |
|---|---|---|
| বৃক্ক ও হৃৎপিণ্ডে চাপ সৃষ্টি করে, এবং অঙ্গ বৈকল্যের কারণ হতে পারে। | রক্তবাহগুলিকে সংকুচিত করে, যা আপনার রক্তচাপ বৃদ্ধি করতে পারে। | রক্তবাহগুলিকে ক্ষতিগ্রস্ত করে, যার ফলে সেগুলি সংকীর্ণ ও শক্ত হয়ে ওঠে, এবং তার ফলে হার্ট অ্যাটাক ও স্ট্রোকও হতে পারে। |

এইগুলি ও সেই সঙ্গে হারিকেন, তাপপ্রবাহ, বন্যা, এবং দাবানলের মতো চরম আবহাওয়ার ঘটনাগুলি **মানসিক চাপ ও উদ্বেগ বাড়িয়ে তুলে** রক্তচাপ বৃদ্ধি করতে পারে।

### তাপের হাত থেকে আপনার হৃৎপিণ্ডকে রক্ষা করার পদক্ষেপসমূহ

- **কোথায় ঠাণ্ডা থাকা যায় তার পরিকল্পনা করুন।** শীতাতপ নিয়ন্ত্রিত বাড়ি, গ্রন্থাগার, অথবা আপনার নগর প্রশাসনের ব্যবস্থাপনায় তৈরি শীতলকরণ কেন্দ্রগুলি এর জন্য নিরাপদ স্থান হতে পারে।
- **আবহাওয়ার সতর্কীকরণের জন্য সাইন-আপ করুন।** স্থানীয় তাপমাত্রা, আর্দ্রতা, সতর্কীকরণ, এবং প্রাথমিক চিকিৎসা সংক্রান্ত তথ্যাবলী পাবার জন্য **হিট সেফ্টি অ্যাপ** ডাউনলোড করতে এই পাতায় দেওয়া QR কোডটি স্ক্যান করুন।
- **গরম দিনগুলিতে নিজেকে সুরক্ষিত রাখুন।** প্রচুর পরিমাণে জল পান করুন, এমনকি পিপাসা না পেলেও। আপনি যদি গরম পরিবেশে কাজ করছেন, তাহলে আচ্ছাদন দেওয়া বিশ্রামের স্থান তৈরি করুন, ছায়ায় বিরতি নিন, এবং জল পান করুন।
- **তাপজনিত ক্লান্তি ও হিট স্ট্রোকের লক্ষণগুলি সম্পর্কে এবং কখন চিকিৎসা নিতে হবে সে ব্যাপারে জানুন।**
  - **তাপমাত্রাজনিত ক্লান্তি – কোন চিকিৎসাকেন্দ্রে বা হাসপাতালের জরুরি বিভাগে যান,** যদি আপনি নিস্তেজ হয়ে পড়েন বা আপনার মাথা ঘোরে, আপনি ভীষণভাবে ঘেমে ওঠেন, আপনার মাথাব্যথা করে, গা-বমি দেয় বা বমি হয়, শরীর ভারহীন মনে হয়, দুর্বল লাগে, তেষ্টা পায়, কম পরিমাণ প্রস্রাব হয়, এবং/অথবা মাংসপেশীগুলিতে টান ধরে।
  - **হিট স্ট্রোক – 911 নম্বরে কল করুন,** যদি আপনার বিভ্রান্ত লাগে, কথা জড়িয়ে আসে, ত্বক লাল, গরম, শুষ্ক হয়ে ওঠে বা ভীষণভাবে ঘাম হয়, শরীরের তাপমাত্রা অত্যধিক বেড়ে যায়, খিঁচুনি হয়, এবং/অথবা যদি আপনি সংজ্ঞান হারান।

### আপনার হৃৎপিণ্ডকে ঠাণ্ডার হাত থেকে রক্ষা করার জন্য পদক্ষেপসমূহ

- **ঠাণ্ডার পোশাক-আশাক।** একাধিক পরতে জামা-কাপড়, টুপি, দস্তানা, এবং গরম মোজা পরুন। আপনার শরীর গরম রাখার জন্য যতটা পরিশ্রম দরকার ততটা আপনার হৃৎপিণ্ডকে যেন করতে না হয়।
- **বাইরের গতিবিধি সীমাবদ্ধ করুন।** ঘরের ভিতরে কসরত করুন। আপনাকে যদি বেলচা দিয়ে বরফ সরাতে হয় বা বাইরে গিয়ে শারীরিক পরিশ্রম করতে হয়, তাহলে ঘন-ঘন বিরতি নিন এবং সম্ভব হলে ঘরের ভিতরে গিয়ে শরীর গরম করে নিন।

## আপনার হৃৎপিণ্ডকে বায়ু দূষণের হাত তেকে রক্ষা করার পদক্ষেপসমূহ

- **দূষণের মাত্রা কখন ও কোথায় অস্বাস্থ্যকর অবস্থায় থাকে তা জানুন।** ব্যস্ত রাস্তা ও শিল্পাঞ্চগুলির কাছাকাছি স্থানগুলিতে বায়ু দূষণ সবচেয়ে বেশি হতে পারে। দাবানল, গাছপালার জ্বলন্ত পাতা, বা কাঠের স্টোভ থেকে বায়ুতে আসে ধোঁয়া বায়ু দূষণের মাত্রা অনেক বেশি বাড়িয়ে দেয়।
- **আপনার জিপ কোডের বায়ুর উৎকর্ষতার সূচক (Air Quality Index, AQI) দেখুন।** এই সূচক ছয়টি রং-সংকেতযুক্ত শ্রেণি প্রদান করে যা বায়ু দূষণের কারণে বিভিন্ন ধরের স্বাস্থ্যের অবস্থাগুলিক দর্শায়। আপনার ফোনে **AirNow app** ডাউনলোড করে AQI পরীক্ষা করার জন্য পরের পাতার QR কোডটি স্ক্যান করুন।
- **যখন এবং যেখানে দূষণের মাত্রা কম রয়েছে তখন সেখানে কাজকর্ম করার পরিকল্পনা করুন।** বাইরের ধূলিকণার মাত্রা যখন অস্বাস্থ্যকর থাকে, তখন বায়ু অপেক্ষাকৃত পরিষ্কার না হওয়া অবধি বাইরে গিয়ে কাজ করবেন না বা কাজ বাইরে নিয়ে যাবেন না।

## আবহাওয়া যখন দাবানলের কারণে ধোঁয়াময় হয়ে থাকে, তখন নিচের পরামর্শগুলি মেনে কম প্রভাবিত হোন:

### করণীয়:

- আপনার গাড়ি এসি রিসার্কুলেট করে ধোঁয়া তাড়ান।
- বাড়ির দরজা ও জানালাগুলি বন্ধ রাখুন।
- HEPA ফিল্টারযুক্ত বহনযোগ্য এয়ার ক্লিনার ব্যবহার করুন। ওজোন গ্যাস তৈরি করেন না এমনটি বাছুন।
- বাইরে যেতে হলে একটি N-95 মাস্ক পরে নিন।

### বর্জনীয়:

- বাইরে খেলবেন না বা কসরত করবেন না।
- ভ্যাকুয়াম করবেন না (এতে ধুলো উড়তে পারে)।
- খাবার ভাজবেন না বা ঝলসাবেন না, যাতে ঘরের ভিতরে ধূলিকণা বাড়তে পারে
- ফায়ারপ্লেস বা গ্যাস স্টোভ ব্যবহার করবেন না।
- ধূমপান করবেন না।

## স্বাস্থ্যকর বায়ু ও জলবায়ুতে যোগদান দেবার উপায়সমূহ

- **হাঁটুন, বাইক ব্যবহার করুন অথবা গণপরিবহন ব্যবহার করুন,** যখন তা সম্ভব।
- **গাড়ির ইঞ্জিন চালু রাখবেন না,** যতক্ষণ প্রয়োজন তার বেশি সময় ধরে, যদি আপনি গাড়ি ব্যবহার করেন।
- **জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমান**, LED আলো এবং বিদ্যুৎ-সাশ্রয়ী সরঞ্জামগুলি ব্যবহার করে, বিদ্যুতের ব্যবহার কমাতে আপনার বাড়ির আবহাওয়ার পরিবর্তন এনে, এবং সৌরবিদ্যুতের মতো পুনর্নবীকরণযোগ্য শক্তির ব্যবহার করে। বাড়িতে শক্তির চাহিদা মূল্যায়নের জন্য এবং আর্থিক বিকল্পগুলি সম্পর্কে জানতে 866-527-7283 নম্বরে Mass Save-এর সাথে যোগাযোগ করুন। আরও জানতে www.masssave.com/en/residential দেখুন।
- **প্রচুর পরিমাণে উদ্ভিদ-ভিত্তিক খাদ্যসহ স্বাস্থ্যকর, সুষম খাবার খান,** মাংস নয়। **খাদ্যের অপচয় কমান** এবং খাদ্যের উচ্ছিষ্ট ফেলে দেবার পরিবর্তে **কম্পোস্ট তৈরির ব্যাপারে ভাবুন।**

আরও জানতে **www.challiance.org/hypertension** দেখুন, অথবা এই QR কোডটি স্ক্যান করুন।

CHA Cambridge Health Alliance

GR25_112